দৈনিক বাংলা

তারিখ ... 16 JUL 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

79

### হলে তল্লাশীর প্রতিবাদে ছাত্রলীগের মিছিল

# ঢাকা ভার্সিটি ক্যাম্পাসে ৬টি গাড়িতে অগ্নিসংযোগ

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

অস্ত্রধারীদের গ্রেফতারে পুলিশী তৎপরতার প্রতিক্রিয়ায় একটি ছাত্র সংগঠনের বিক্ষুব্ধ সমর্থকরা গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ৬টি গাড়ীতে আগুন ধরিয়ে দেয়। ইট-পাটকেল নিক্ষেপ করে ভাংচুর করে আরও বেশ কিছু গাড়ী।

গতকাল দুপুরে সলিমুল্লাহ হলে পুলিশ তল্লাশীর পর বিকালে ছাত্রলীগ (শা-অ) সমর্থকরা বিক্ষোভ করে।

পুলিশ গতকাল দুপুর সাড়ে বারটায় সলিমুল্লাহ হল ঘেরাও করে এবং বেশ কিছু রুমে তল্লাশী চালায়। অস্ত্রধারীরা হলে অবস্থান করছে এ সংবাদের

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি ক্যাম্পাসে

(প্রথম পৃষ্ঠার পর)

ভিত্তিতে হলে তল্লাশী চালানো হয়। তবে পুলিশ কোন অস্ত্র উদ্ধার বা অস্ত্রধারীকে গ্রেফতার করতে পারেনি। বেলা দেড়টার দিকে পুলিশ হল ছেড়ে চলে যায়।

বিকাল সাড়ে চারটায় সলিমুল্লাহ হল থেকে ছাত্রলীগ (শা-অ) সমর্থকরা একটি বিক্ষোভ মিছিল বের করে। মিছিলে সলিমুল্লাহ হলে পুলিশ তল্লাশীর প্রতিবাদ জানিয়ে ভাইস চ্যান্সেলরের বিরুদ্ধে বিভিন্ন শ্লোগান দেয়া হয়। ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরীর সামনে পৌছানোর পর সেখানে পার্ক করে রাখা বেশ কিছু গাড়ীর উপর হামলা চালানো হয়। উত্তেজিত ছাত্ররা কয়েকটি গাড়ী ভাংচুর করে এবং তিনটি প্রাইভেট কার (নম্বর ঃ ঢাকা-গ-৬৩৮৯, ঢাকা-মেট্রো-ভ-৬৪১০, ঢাকা-মেট্রো-ভ-১৯৭৮) ও দুটি মোটর সাইকেলে আগুন ধরিয়ে দেয়। গাড়াগুলি সম্পূর্ণ ভস্মীভূত হওয়ার পর পুলিশ ঘটনাস্থলে এসে অবস্থান নেয়। ছাত্রলীগ (শা-অ) সমর্থকরা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে একটি জীপে (নম্বর ঃ জাস-৪০৯৮) অগ্নিসংযোগ করে।

এসব ঘটনার পর বিশ্ববিদ্যালয় এলাকায় পুলিশ রিক্সা ছাড়া সব ধরনের যানবাহন চলাচল বন্ধ করে

সলিমুল্লাহ হল তল্লাশীর প্রতিবাদে ছাত্রলীগ (শা-অ) বিকালে টিএসসি থেকে একটি বিক্ষাভ মিছিল বের করে। মিছিলটি ভাইস চ্যান্সেলরের অফিসের সামনে গিয়ে বিক্ষাভ প্রদর্শন করে। এ সময় সেখানে ঢাকা বিশ্ব-বিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের সভা চলছিল।

ভিসি অফিসের সামনে অনুষ্ঠিত এক সমাবেশে ছাত্রলীগ (শা-অ) নেতৃবৃন্দ অভিযোগ করেন যে, ছাত্রলীগ কর্মীদের হয়রানি করার জন্যই পুলিশ সলিমুল্লাহ হলে তল্লাশী চালিয়েছে। অথচ সূর্যসেন হল, মুহসীন হলে বহিরাগত মাস্তানরা অবস্থান করলেও সেসব হলে তল্লাশী চালানো হচ্ছে না। নেতৃবৃন্দ আরও অভিযোগ করেন যে, জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগ (না-শ) সন্ত্রাস চালিয়ে ডাকসু নির্বাচন পন্ড করতে চায়। ছাত্রনেতা কামরুজ্জামান আনসারী, গোলাম মোস্তফা সুজন প্রমুখ সমাবেশে বক্তৃতা করেন।